



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

এইচএসসি পরীক্ষা-২০২০ ফরম পূরণের বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নম্বর- রাশিবো/উমা/পনি-২০০

তারিখ: ১৮ অগ্রহায়ণ ১৪২৬ বঙ্গাব্দ
০৩ ডিসেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী -এর আওতাধীন সকল কলেজের অধ্যক্ষ এবং সংশ্লিষ্ট সকলকে ২০২০ সালের এইচএসসি পরীক্ষার আবেদন ফরম পূরণের বিভিন্ন কার্যক্রম নিম্নোক্ত নীতিমালা মোতাবেক যথাসময়ে সম্পন্ন করতে অনুরোধ করা হ'ল:

২. (ক) কেবল বৈধ রেজিস্ট্রেশনধারী এবং নির্বাচনী পরীক্ষায় সকল বিষয়ে উত্তীর্ণ পরীক্ষার্থীগণ আবেদন ফরম পূরণ করতে পারবে। তবে আংশিক বিষয়ের(এক/দুই) পরীক্ষার্থীদের জন্য সংশ্লিষ্ট বিষয়/বিষয়সমূহের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করা বাধ্যতামূলক নয়। কোন পরীক্ষার্থী তার রেজিস্ট্রেশন বহির্ভূত কোন বিষয়/বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করলে উক্ত বিষয়/বিষয়সমূহের পরীক্ষা কোনরূপ যোগাযোগ ছাড়াই বাতিল করা হবে।
- (খ) কোন পরীক্ষার্থী তার নিয়ন্ত্রণ বহির্ভূত কোন কারণ কিংবা শারীরিক অসুস্থতার জন্য নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করতে না পারলে কিংবা নির্বাচনী পরীক্ষায় অন্তীর্ণ হলে সংশ্লিষ্ট পরীক্ষার্থীর অভিভাবকের লিখিত আবেদন ও পরীক্ষার্থীর প্রাক নির্বাচনী পরীক্ষার সন্তোষজনক ফলাফলের ভিত্তিতে পরীক্ষার ফরম পূরণ করতে পারবে।
- (গ) শিক্ষা প্রতিষ্ঠানসমূহ পরীক্ষার্থীদের এইচএসসি পরীক্ষায় অধিকতর সফলতার জন্য প্রতিষ্ঠানের নিজস্ব ব্যবস্থাপনায় প্রয়োজনীয় সংখ্যক বিষয়ভিত্তিক মডেল টেস্ট গ্রহণ করতে পারে কিন্তু এ মডেল টেস্ট কোন পরীক্ষার্থীর জন্য বাধ্যতামূলক নয় এবং এর জন্য অতিরিক্ত ফি ধার্য বা আদায় করা যাবেনা।

৩. পরীক্ষার্থীদের পরীক্ষার প্রয়োজনীয় ফি বাবদ মোট অর্থ সোনালী ব্যাংক লিমিটেডের যে কোন শাখা থেকে সোনালী সেবার মাধ্যমে রাজশাহী শিক্ষা বোর্ডের সচিবের অনুকূলে জমা করে জমাকৃত সোনালী সেবার রশিদ শিক্ষা প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে।

৪. এইচএসসি পরীক্ষা- ২০২০ অনুষ্ঠানের সম্ভাব্য তারিখ: ০১/০৪/২০২০ (বুধবার)।

৫. ইলেক্ট্রনিক ফরম ফিলাপ eFF এর কার্যক্রম, সোনালী সেবার রশিদ ও পরীক্ষার্থীর স্বাক্ষর সম্বলিত প্রিন্ট আউট কপি এবং অন্যান্য কাগজ পত্র বোর্ডে জমাদানের বিবরণ :

- (ক) প্রতিষ্ঠান সমূহকে রাজশাহী শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে প্রবেশ করে ফরম পূরণ/ Form Fill up এ ক্লিক করে EIDN ও password দিয়ে Login করে probable list এ যেতে হবে এবং print করে হার্ডকপিতে লালকালি ব্যবহার করে টিক চিহ্ন দিয়ে পরীক্ষার্থী নির্ধারণ করতে হবে।
- (খ) উক্ত হার্ডকপি probable list এ টিক চিহ্নিত পরীক্ষার্থীর তথ্য মিলিয়ে কম্পিউটারে প্রদর্শনকৃত probable list থেকে select করতে হবে।
- (গ) Temporary List Print করে ভালভাবে যাচাই/বাছাই করে প্রয়োজন হলে select/Unselect করা যাবে।
- (ঘ) এর পর Pay Slip Print করতে হবে। নিকটস্থ সোনালী ব্যাংকের শাখায় (যে শাখায় সোনালী সেবা চালু আছে) Pay Slip এ উল্লিখিত পরিমান টাকা জমা প্রদান করতে হবে। উল্লেখ্য Pay Slip Print করলে আর কোন অবস্থাতেই Select/Unselect করা যাবে না। তবে ব্যাংকে টাকা জমা দিলে অবশিষ্ট ছাত্র/ছাত্রীদের মধ্যে থেকে আবার ফরম পূরণ করা যাবে।
- (ঙ) ফি এর টাকা ব্যাংকে জমা দেয়ার ২৪ ঘণ্টার মধ্যে Final Candidate List Print Active হবে।
- (চ) Final Candidate List Print করে পরীক্ষার্থীর স্বাক্ষর গ্রহণ এবং প্রতি পৃষ্ঠায় প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর ও সীলমোহর প্রদান করতে হবে।
- (ছ) প্রয়োজন হলে শিক্ষা প্রতিষ্ঠান নির্ধারিত সময়ের মধ্যে অবশিষ্ট ছাত্র/ছাত্রীদের মধ্য থেকে ফরমপূরণের কাজ একইভাবে সম্পন্ন করতে পারবে।
- (জ) বিলম্ব ফি ছাড়া ২৩/১২/২০১৯ এবং বিলম্ব ফিসহ ২৪/১২/২০১৯ থেকে ২৯/১২/২০১৯ তারিখ পর্যন্ত অনলাইনে ফরম পূরণ/ Form Fill up (eFF) করা যাবে।

৬.

ক্রমিক	কাজের বিবরণ	তারিখ
(ক)	নিবন্ধনের মেয়াদ থাকা সাপেক্ষে অনিয়মিত (রিটেভ) পরীক্ষার্থীদের নির্বাচনী পরীক্ষায় তালিকাভুক্তির জন্য সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ বরাবর সাদা কাগজে আবেদনের শেষ তারিখ :	২১/১১/২০১৯
(খ)	GPA উন্নয়ন এক/দুই বিষয়ের পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণে ইচ্ছুক পরীক্ষার্থীদের সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ বরাবর সাদা কাগজে আবেদনের শেষ তারিখ : নোট : যে সকল পরীক্ষার্থী ২০১৯ সালে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় GPA ৫.০০ (পাঁচ) এর কম পেয়েছে তারা GPA উন্নয়নের জন্য ২০২০ সালের পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট পরীক্ষার্থীকে সকল বিষয়ে পরীক্ষা দিতে হবে। ২০১৮ সালে আংশিক বিষয়ে পরীক্ষা দিয়ে উত্তীর্ণ পরীক্ষার্থীরা এ সুযোগ পাবে না। উল্লেখ্য যে, জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী ব্যতীত নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ সকল পরীক্ষার্থীর জন্য বাধ্যতামূলক। তবে যে সকল পরীক্ষার্থী ইতোমধ্যে এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকর্ম হয়েছে তাদের নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণের বিষয়টি বাধ্যতামূলক নয়।	২১/১১/২০১৯
(গ)	রেজিস্ট্রেশন নবায়নের শেষ তারিখ: নোট: ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের রেজিস্ট্রেশনধারী পরীক্ষার্থীদের মধ্যে যারা ইতোমধ্যে পরীক্ষায় অংশগ্রহণ করে এক বিষয়ে (৪র্থ বিষয় বাদে) অকৃতকর্ম হয়েছে এক ২০১৯ সালের প্রাইভেট পরীক্ষার্থীদের মধ্যে যারা এক বিষয়ে অকৃতকর্ম হয়েছে তারা রেজিস্ট্রেশন নবায়ন করে শুধু ২০২০ সালে ঐ এক বিষয়ে (৪র্থ বিষয় বাদে) পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। রেজিস্ট্রেশন নবায়ন ফি পরীক্ষার্থী প্রতি ২৫০/- (দুইশত পঞ্চাশ টাকা)।	১০/১২/২০১৯ (টাকা ফরম পূরণের সাথে আদায় হবে)।
(ঘ)	কলেজ অধ্যক্ষ কর্তৃক প্রাইভেট পরীক্ষার্থীদের তালিকার ২(দুই) কপি এবং প্রতি পরীক্ষার্থী ১০০/- (একশত টাকা) হারে তালিকাভুক্ত ফি ফরম পূরণের সময় জমা দিতে হবে।	ইতোপূর্বে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।
(ঙ)	নির্বাচনী পরীক্ষা গ্রহণ শেষে ফল প্রকাশের শেষ তারিখ :	১০/১২/২০১৯

পাতা. # ১/৬

(চ)	রাজশাহী শিক্ষাবোর্ডের website এ eFF-এ শিক্ষার্থীদের সম্ভাব্য তালিকা (Probable List) প্রদর্শন	১২/১২/২০১৯	
(ছ)	প্রদর্শিত সম্ভাব্য তালিকা থেকে online -এ পরীক্ষার্থী নির্বাচনসহ যাবতীয় কার্যক্রম সম্পূর্ণ ও ক্লিম্ব ফিস ছাড়া “সোনালী সেবার” মাধ্যমে ফিসের অর্থ জমা দেয়ার তারিখ: উল্লেখ্য, (ক) একই নামের একাধিক ছাত্র/ছাত্রী থাকলে প্রকৃত পরীক্ষার্থী নির্বাচন করার ক্ষেত্রে সর্বোচ্চ সতর্কতার সাথে নির্বাচন করতে হবে, যাতে প্রকৃত পরীক্ষার্থীর পরিবর্তে অন্য কোন পরীক্ষার্থীর নাম নির্বাচিত না হয়। অনুরূপ ভুলের জন্য যাবতীয় দায় প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে। (খ) নির্বাচিত পরীক্ষার্থীদের তালিকা মুদ্রণ করে প্রতিষ্ঠান প্রধান ও পরীক্ষার্থীর স্বাক্ষরসহ তালিকা সংরক্ষণ করতে হবে।	১২/১২/২০১৯ থেকে ২২/১২/২০১৯	
(জ)	বিলম্ব ফি ছাড়া পরীক্ষার্থীদের “ফি” অনলাইনে প্রেরণের শেষ তারিখ:	২৩/১২/২০১৯	
(ঝ)	পরীক্ষার্থী প্রতি ১০০/- (একশত টাকা) হারে ক্লিম্ব ফি সহ “সোনালী সেবার” মাধ্যমে ফিসের অর্থ জমা দেয়ার তারিখ (কোন অবস্থাতেই others-এ টাকা জমা দেওয়া যাবে না।)	২৪/১২/২০১৯ থেকে ২৯/১২/২০১৯	
(ঙ)	ক্রমিক নং	জেলা নাম	সোনালী সেবার রশিদ/হার্ডকপি, কাগজপত্রাদি জমার তারিখ
১.		নওগাঁ ও পাবনা	০১/০১/২০২০
২.		বগুড়া ও জয়পুরহাট	০২/০১/২০২০
৩.		নাটোর ও সিরাজগঞ্জ	০৫/০১/২০২০
৪.		রাজশাহী ও চাঁপাইনবাবগঞ্জ	০৬/০১/২০২০

৭. সোনালী ব্যাংকের সোনালী সেবার কপি ও স্বাক্ষরসহ চূড়ান্ত প্রিন্ট আউট শিক্ষা প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে।

৮. পরীক্ষার মাধ্যম : কোন শিক্ষা প্রতিষ্ঠানের পরীক্ষার্থী English Version পরীক্ষায় অংশগ্রহণ করতে চাইলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে বিষয়ওয়ারী ০১(এক) কপি তালিকা নিম্নোক্ত ছক অনুযায়ী বিজ্ঞপ্তি প্রাপ্তির ১০(দশ) দিনের মধ্যে গোপনীয় শাখায় সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক(গোপনীয়) এর নিকট হাতে হাতে অবশ্যই জমা দিতে হবে। অন্যথায় তাঁর শিক্ষা প্রতিষ্ঠানের পরীক্ষার্থীদের English Version পরীক্ষা গ্রহণ সম্ভব হবে না। এতে পরীক্ষার্থীদের কোন অসুবিধা হলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানই দায়ী থাকবেন।

“ছক”

ক্রমিক	বিভাগ	বিষয়ের নাম	বিষয় কোড	শিক্ষাবর্ষ	মোট পরীক্ষার্থীর সংখ্যা
--------	-------	-------------	-----------	------------	-------------------------

৯. এক/দুই বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ সংক্রান্ত :

(ক) যে সকল পরীক্ষার্থী ২০১৭, ২০১৮, ২০১৯ সালের এইচএসসি পরীক্ষায় এক বা একাধিকবার অংশগ্রহণ করে এক/দুই বিষয়ে (চতুর্থ বিষয় বাদে) অকৃতকার্য/অনুপস্থিত হয়েছে, রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে তারা ২০২০ সালে অনুষ্ঠিতব্য উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় অবশিষ্ট অকৃতকার্য/অনুপস্থিত বিষয়/বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। আংশিক বিষয়ে অংশগ্রহণকারী পরীক্ষার্থীগণ কখনই চতুর্থ বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। তবে পরীক্ষার্থীগণ ইচ্ছা করলে এক/দুই বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ না করে চতুর্থ বিষয়সহ সকল বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(খ) ২০১৯ সালের এইচএসসি পরীক্ষায় সকল বিষয়ে অংশ গ্রহণ করে এক বিষয়ে অকৃতকার্য/অনুপস্থিত প্রাইভেট পরীক্ষার্থীগণ রেজি. নবায়ন করে ২০২০ সালের এক বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে তাদেরকে অনুচ্ছেদ ৬(গ) মোতাবেক ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা হারে নিবন্ধন নবায়ন ফি বোর্ডে জমা দিয়ে উচ্চ মাধ্যমিক পরীক্ষা শাখা থেকে নিবন্ধন নবায়ন করতে হবে।

(গ) যে সকল পরীক্ষার্থী ২০১৭/২০১৮/২০১৯ সালের এইচএসসি পরীক্ষায় এক/দুই বিষয়ে অকৃতকার্য/অনুপস্থিত হয়ে, ২০১৭/২০১৮/২০১৯ সালের এইচএসসি পরীক্ষায় ঐ এক/দুই বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণকালে বহিষ্কার অথবা অভিযুক্ত হয়েছে এবং শৃঙ্খলাকমিটির সিদ্ধান্ত মোতাবেক ২০১৭/২০১৮/২০১৯ সালের পরীক্ষা বাতিল হয়েছে, রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে তারা ২০২০ সালের সকল/এক/দুই বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

১০. ২০২০ সালের এইচএসসি পরীক্ষায় ৪র্থ বিষয়ের সুবিধা সংক্রান্ত :

পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালায় উল্লিখিত শিক্ষা মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং:- শিম/শা:১০/৭ পরীক্ষা ২/ হ্রেডিং /২০০২/৬১০, তারিখ ০৪/০১/০৩ এর ১ (এ৩) এ বর্ণিত নিয়ম মোতাবেক ২০২০ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীগণকে ৪র্থ বিষয়ের সুবিধা প্রদান করা হবে।

১১. রেজিস্ট্রেশন ও সেশন সংক্রান্ত:

(ক) ২০১৫-২০১৬ সেশনের পূর্বের রেজিস্ট্রেশন নম্বরধারী কোন পরীক্ষার্থী ২০২০ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। তবে ২০১৪-২০১৫ সেশনের এক বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থী রেজিস্ট্রেশন নবায়ন করে একবিষয়ের (চতুর্থ বিষয় বাদে) পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(খ) পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর ও বিষয় সম্পর্কে নিশ্চিত হয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সকল অধ্যক্ষকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

১২. রেজিস্ট্রেশন নবায়ন সংক্রান্ত:

(ক) ২০১৯ সালের এইচএসসি পরীক্ষায় অনিয়মিত এবং প্রাইভেট পরীক্ষার্থীদের মধ্যে যারা দুই বা ততোধিক বিষয়ে (৪র্থ বিষয় বাদে) অকৃতকার্য হয়েছে এবং যাদের রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হয়ে গেছে তারা কোন অবস্থাতেই রেজিস্ট্রেশন নবায়ন করে ২০২০ সালে একাধিক বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

(খ) যে সকল পরীক্ষার্থী ২০১৬, ২০১৭ ও ২০১৮ সালের এইচএসসি পরীক্ষার যে কোন এক বা একাধিক বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করে এক বিষয়ের (চতুর্থ বিষয় বাদে) পরীক্ষায় অকৃতকার্য হয়েছে এবং যে কোন কারণে তারা ২০১৭, ২০১৮, ২০১৯ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারেনি অথচ তাদের ২০১৯ সালে

রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হয়ে গেছে তারাও ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা নবায়ন ফি বোর্ডে জমা দিয়ে শুধু এক বারের জন্য রেজিস্ট্রেশন নবায়ন পূর্বক ২০২০ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

বিদ্র: আংশিক বিষয়ের পরীক্ষার্থী হিসেবে কখনই ৪র্থ বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে না এবং দুই বা ততোধিক বিষয়ে অকৃতকার্য থাকলে কখনোই রেজিস্ট্রেশন নবায়ন করা যাবে না।

(গ) রেজিস্ট্রেশন নবায়নকৃত পরীক্ষার্থীর নবায়ন ফি বাবদ অর্থ ফরম পূরণের (eFF) ফি এর সাথে গ্রহণ করা হবে বিধায় নবায়নকৃত পরীক্ষার্থীকে আলাদাভাবে নবায়ন ফি বাবদ অর্থ প্রদান করতে হবে না।

(ঘ) এইচএসসি পরীক্ষা ২০২০ এর প্রবেশপত্র বিতরণের দিন কলেজ কর্তৃপক্ষকে নবায়নকৃত রেজিস্ট্রেশনকারী পরীক্ষার্থী/পরীক্ষার্থীদের মূল রেজিস্ট্রেশন কার্ডে নবায়নের সীল ও প্রয়োজনীয় স্বাক্ষর উচ্চমাধ্যমিক পরীক্ষা শাখা থেকে সংগ্রহ করতে হবে।

১৩. জিপিএ উন্নয়ন হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ সংক্রান্ত:

(ক) রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে জিপিএ উন্নয়নের জন্য পরীক্ষার্থীরা পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার অব্যবহিত পরের বছরেই এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে; সেহেতু যে সকল পরীক্ষার্থী ২০১৯ সালের এইচএসসি পরীক্ষায় জিপিএ ৫.০০ (পাঁচ) এর কম পেয়েছে তারা জিপিএ উন্নয়নের জন্য পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। তবে এ ক্ষেত্রে সংশ্লিষ্ট পরীক্ষার্থীকে সকল বিষয়ে পরীক্ষা দিতে হবে। জিপিএ উন্নয়নের ক্ষেত্রে রেজিস্ট্রেশন নবায়ন করা যাবে না।

(খ) যে সকল পরীক্ষার্থী এক/দুই বিষয়ে পরীক্ষা দিয়ে ২০১৯ সালের এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তারা কখনই জিপিএ উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

(গ) জিপিএ উন্নয়ন ফরম পূরণ সংক্রান্ত কাজ **online-** এ সম্পন্ন করতে হবে।

১৪. পরীক্ষায় অংশগ্রহণের সিলেবাস সংক্রান্ত: পাঠ্যক্রম ও পাঠ্যসূচি

বিষয়	সিলেবাসের বিবরণ
বাংলা ১ম পত্র	(ক) বাংলা ১ম পত্রে ২০১৮-২০১৯, ২০১৭-২০১৮, ২০১৬-২০১৭, ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষ এবং ২০২০, ২০১৯ সালের প্রাইভেট পরীক্ষার্থীদের জন্য ২০২০ সালের সিলেবাস ও সময় বন্টন অনুযায়ী সৃজনশীল পদ্ধতিতে প্রশ্নপত্র প্রণীত হবে। (খ) বাংলা ১ম পত্রে ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের জন্য ২০১৬ সালের সিলেবাস অনুযায়ী সৃজনশীল পদ্ধতিতে প্রশ্নপত্র প্রণীত হবে।
বাংলা ২য় পত্র	(ক) বাংলা ২য় পত্রে ২০১৮-২০১৯, ২০১৭-২০১৮, ২০১৬-২০১৭, ২০১৫-২০১৬, ২০১৪-২০১৫, শিক্ষাবর্ষ এবং ২০২০, ২০১৯, সালের প্রাইভেট পরীক্ষার্থীদের জন্য ২০২০ সালের সিলেবাস অনুযায়ী প্রশ্নপত্র প্রণীত হবে।
ইংরেজি ১ম পত্র	(ক) ইংরেজি ১ম পত্রে ২০১৮-২০১৯, ২০১৭-২০১৮, ২০১৬-২০১৭, ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষ এবং ২০২০, ২০১৯ সালের প্রাইভেট পরীক্ষার্থীদের জন্য ২০২০ সালের সিলেবাস অনুযায়ী প্রশ্নপত্র প্রণীত হবে। (খ) ইংরেজি ১ম পত্রে ২০১৪-২০১৫, শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের জন্য ২০১৬ সালের সিলেবাস অনুযায়ী প্রশ্নপত্র প্রণীত হবে।
ইংরেজি ২য় পত্র	(ক) ইংরেজি ২য় পত্রে ২০১৮-২০১৯, ২০১৭-২০১৮, ২০১৬-২০১৭, ২০১৫-২০১৬, ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষ এবং ২০২০, ২০১৯ সালের প্রাইভেট পরীক্ষার্থীদের জন্য ২০২০ সালের সিলেবাস অনুযায়ী প্রশ্নপত্র প্রণীত হবে।
রসায়ন, পদার্থবিদ্যা, জীববিজ্ঞান	(ক) রসায়ন, পদার্থবিদ্যা, জীববিজ্ঞান ১ম ও ২য় পত্রে ২০১৮-২০১৯, ২০১৭-২০১৮, ২০১৬-২০১৭, ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের জন্য ২০২০ সালের সিলেবাস ও সময় বন্টন অনুযায়ী সৃজনশীল পদ্ধতিতে প্রশ্নপত্র প্রণীত হবে। (খ) রসায়ন, পদার্থবিদ্যা, জীববিজ্ঞান ১ম ও ২য় পত্রে ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের জন্য ২০১৬ সালের সিলেবাস অনুযায়ী সৃজনশীল পদ্ধতিতে প্রশ্নপত্র প্রণীত হবে।
হিসাববিজ্ঞান, সমাজকর্ম, সমাজবিজ্ঞান, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি এক ইসলামের ইতিহাস	(ক) হিসাববিজ্ঞান, সমাজকর্ম, সমাজবিজ্ঞান, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ১ম ও ২য় পত্রে ২০১৮-২০১৯, ২০১৭-২০১৮, ২০১৬-২০১৭, ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষ এবং ২০২০, ২০১৯ সালের প্রাইভেট পরীক্ষার্থীদের জন্য ২০২০ সালের সিলেবাস ও সময় বন্টন অনুযায়ী সৃজনশীল পদ্ধতিতে প্রশ্নপত্র প্রণীত হবে। (খ) পদার্থবিদ্যা, জীববিজ্ঞান, হিসাববিজ্ঞান, সমাজকর্ম, সমাজবিজ্ঞান, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ১ম ও ২য় পত্রে ২০১৪-২০১৫, শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের জন্য ২০১৬ সালের সিলেবাস অনুযায়ী সৃজনশীল পদ্ধতিতে প্রশ্নপত্র প্রণীত হবে।
পৌরনীতি এবং পৌরনীতি ও সুশাসন	(ক) পৌরনীতি ও সুশাসন ১ম ও ২য় পত্রে ২০১৮-২০১৯, ২০১৭-২০১৮, ২০১৬-২০১৭, ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষ এবং ২০২০, ২০১৯ সালের প্রাইভেট পরীক্ষার্থীদের জন্য ২০২০ সালের সিলেবাস ও সময় বন্টন অনুযায়ী সৃজনশীল পদ্ধতিতে প্রশ্নপত্র প্রণীত হবে। (খ) পৌরনীতি ও সুশাসন ১ম ও ২য় পত্রে ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের জন্য ২০১৬ সালের সিলেবাস অনুযায়ী সৃজনশীল পদ্ধতিতে প্রশ্নপত্র প্রণীত হবে।
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি	(ক) আবশ্যিক বিষয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তিতে ২০১৮-২০১৯, ২০১৭-২০১৮, ২০১৬-২০১৭, ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষ এবং ২০২০, ২০১৯ সালের প্রাইভেট পরীক্ষার্থীদের জন্য ২০২০ সালের সিলেবাস ও সময় বন্টন অনুযায়ী সৃজনশীল পদ্ধতিতে প্রশ্নপত্র প্রণীত হবে। (খ) আবশ্যিক বিষয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তিতে ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের জন্য ২০১৬ সালের সিলেবাস সৃজনশীল পদ্ধতি অনুযায়ী প্রশ্নপত্র প্রণীত হবে।
ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা,	(ক) ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা ১ম ও ২য় পত্রে ২০১৮-২০১৯, ২০১৭-২০১৮, ২০১৬-২০১৭, ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষ এবং ২০২০, ২০১৯ সালের প্রাইভেট পরীক্ষার্থীদের জন্য ২০২০ সালের সিলেবাস ও সময় বন্টন অনুযায়ী সৃজনশীল পদ্ধতিতে প্রশ্নপত্র প্রণীত হবে।

বিষয়	সিলেবাসের বিবরণ
	(খ) ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা ১ম ও ২য় পত্রে ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের জন্য ২০১৬ সালের সিলেবাস অনুযায়ী সৃজনশীল পদ্ধতিতে প্রশ্নপত্র প্রণীত হবে।
ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা এবং উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন	(ক) ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা এবং উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন ১ম ও ২য় পত্রে ২০১৮-২০১৯, ২০১৭-২০১৮, ২০১৬-২০১৭, ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষ এবং ২০২০, ২০১৯ সালের প্রাইভেট পরীক্ষার্থীদের জন্য ২০২০ সালের সিলেবাস ও সময় বন্টন অনুযায়ী সৃজনশীল পদ্ধতিতে প্রশ্নপত্র প্রণীত হবে। (খ) ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা এবং উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন ১ম ও ২য় পত্রে ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের জন্য ২০১৬ সালের সিলেবাস অনুযায়ী সৃজনশীল পদ্ধতিতে প্রশ্নপত্র প্রণীত হবে।
অর্থনীতি, যুক্তিবিদ্যা ও ভূগোল	(ক) অর্থনীতি, যুক্তিবিদ্যা ও ভূগোল ১ম ও ২য় পত্রে ২০১৮-২০১৯, ২০১৭-২০১৮, ২০১৬-২০১৭, ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষ এবং ২০২০, ২০১৯ সালের প্রাইভেট পরীক্ষার্থীদের জন্য ২০২০ সালের সিলেবাস ও সময় বন্টন অনুযায়ী সৃজনশীল পদ্ধতিতে প্রশ্নপত্র প্রণীত হবে। (খ) অর্থনীতি, যুক্তিবিদ্যা ও ভূগোল ১ম ও ২য় পত্রে ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের জন্য ২০১৬ সালের সিলেবাস অনুযায়ী সৃজনশীল পদ্ধতিতে প্রশ্নপত্র প্রণীত হবে।
পরিসংখ্যান, উচ্চতর গণিত	(ক) উচ্চতর গণিত ও পরিসংখ্যান ১ম ও ২য় পত্রে ২০১৮-২০১৯, ২০১৭-২০১৮, ২০১৬-২০১৭, ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের জন্য ২০২০ সালের সিলেবাস ও সময় বন্টন অনুযায়ী সৃজনশীল পদ্ধতিতে প্রশ্নপত্র প্রণীত হবে। (খ) উচ্চতর গণিত ও পরিসংখ্যান ১ম ও ২য় পত্রে ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের জন্য ২০১৬ সালের সিলেবাস অনুযায়ী প্রশ্নপত্র প্রণীত হবে।
গার্হস্থ্য বিজ্ঞান	(ক) গার্হস্থ্য বিজ্ঞান ১ম ও ২য় পত্রে ২০১৮-২০১৯, ২০১৭-২০১৮, ২০১৬-২০১৭, ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের জন্য ২০২০ সালের সিলেবাস ও সময় বন্টন অনুযায়ী সৃজনশীল পদ্ধতিতে প্রশ্নপত্র প্রণীত হবে। (খ) গার্হস্থ্য বিজ্ঞান ১ম ও ২য় পত্রে ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের জন্য ২০১৬ সালের সিলেবাস অনুযায়ী প্রশ্নপত্র প্রণীত হবে।
ইসলাম শিক্ষা	(ক) ইসলাম শিক্ষা ১ম ও ২য় পত্রে ২০১৮-২০১৯, ২০১৭-২০১৮, ২০১৬-২০১৭, ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষ এবং ২০২০, ২০১৯ সালের প্রাইভেট পরীক্ষার্থীদের জন্য ২০২০ সালের সিলেবাস ও সময় বন্টন অনুযায়ী সৃজনশীল পদ্ধতিতে প্রশ্নপত্র প্রণীত হবে। (খ) ইসলাম শিক্ষা ১ম ও ২য় পত্রে ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের জন্য ২০১৬ সালের সিলেবাস অনুযায়ী প্রশ্নপত্র প্রণীত হবে।
সাচিবিক বিদ্যা, মনোবিজ্ঞান ও কৃষিশিক্ষা, মৃত্তিকা বিজ্ঞান	(ক) মনোবিজ্ঞান, কৃষিশিক্ষা ১ম ও ২য় পত্রে ২০১৮-২০১৯, ২০১৭-২০১৮, ২০১৬-২০১৭, ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের জন্য ২০২০ সালের সিলেবাস ও সময় বন্টন অনুযায়ী সৃজনশীল পদ্ধতিতে প্রশ্নপত্র প্রণীত হবে। (খ) সাচিবিক বিদ্যা ১ম ও ২য় পত্রে ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের জন্য ২০১৭ সালের সিলেবাস অনুযায়ী প্রশ্নপত্র প্রণীত হবে। (গ) মৃত্তিকাবিজ্ঞান ১ম ও ২য় পত্রে ২০১৮-২০১৯, ২০১৭-২০১৮, ২০১৬-২০১৭, ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের জন্য ২০২০ সালের সিলেবাস অনুযায়ী প্রশ্নপত্র প্রণীত হবে। (ঘ) মনোবিজ্ঞান ও কৃষি শিক্ষা ১ম ও ২য় পত্রে ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের জন্য ২০১৬ সালের সিলেবাস অনুযায়ী প্রশ্নপত্র প্রণীত হবে।

১৫. সকল প্রকার পরীক্ষার্থীর পরীক্ষার ফি এর হার নিম্নোক্ত ছকে দেয়া হলো: (সকল প্রকার ফিস শিক্ষা বোর্ডে জমা দিতে হবে)।

পরীক্ষার্থীর প্রকার	পরীক্ষার ফি প্রতিপত্র/বিষয়	ব্যবহারিক পরীক্ষার ফি (প্রতিপত্র)	একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফি(প্রতি পরীক্ষার্থী)	সনদ ফি (প্রতি পরীক্ষার্থী)	অনিয়মিত ফি (প্রতি পরীক্ষার্থী)	অনুমতি/তালিকাভুক্তি / রেজি. নবায়ন ফি (প্রতি পরীক্ষার্থী)	রোডারস্কাউট/গালার্স গাইড ফি(পরীক্ষার্থী প্রতি)	জাতীয় শিক্ষা সপ্তাহ ফি (প্রতি পরীক্ষার্থী)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)
নিয়মিত পরীক্ষার্থী	১০০/-	৭০/-	৫০/-	১০০/-	-----	--	১৫/-	৫/-
অনিয়মিত পরীক্ষার্থী যারা ইতোপূর্বে পরীক্ষায় অংশগ্রহণ করেনি	১০০/-	৭০/-	৫০/-	১০০/-	১০০/-	--	১৫/-	৫/-
অনিয়মিত পরীক্ষার্থী যারা ইতোপূর্বে পরীক্ষায় অংশগ্রহণ করেছে	১০০/-	৭০/-	৫০/-	--	১০০/-	--	১৫/-	৫/-
এক বিষয়ের পরীক্ষার্থী রেজিস্ট্রেশন মেয়দ শেষ হয়েছে(অনিয়মিত/প্রাইভেট)	১০০/-	৭০/-	৫০/-	--	১০০/-	২৫০/-	১৫/-	৫/-
জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী	১০০/-	৭০/-	৫০/-	১০০/-	--	১০০/-	১৫/-	৫/-
প্রাইভেট পরীক্ষার্থী	১০০/-	৭০/-	৫০/-	১০০/-	--	১০০/-	১৫/-	৫/-

বিদ্র: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ের ব্যবহারিক পরীক্ষার ফি ৪৫/- (পঁয়তাল্লিশ) টাকা। এ ক্ষেত্রে ৭০/- (সত্তর) টাকা প্রযোজ্য নয়।

প্রতিপত্র ব্যবহারিক ফি ৭০/- (সত্তর) টাকার বিভাজন: ৭০/- (সত্তর) টাকা থেকে ২৫/- (পঁচিশ) টাকা শিক্ষা বোর্ড তহবিলে জমা এবং ৪৫/- (পঁয়তাল্লিশ) টাকা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাকে দিতে হবে। উক্ত ৪৫/- (পঁয়তাল্লিশ) টাকা থেকে কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা ২৫/- (পঁচিশ) টাকা ব্যবহারিক পরীক্ষা

ও আনুষঙ্গিক কাজে ব্যয় করবেন। অবশিষ্ট ২০/- (বিশ) টাকা থেকে কেন্দ্র অভ্যন্তরীণ পরীক্ষককে উত্তরপত্র প্রতি ১০/- (দশ) টাকা এবং বহিরাগত পরীক্ষককে উত্তরপত্র প্রতি ১০/- (দশ) টাকা হারে সম্মানী/পারিশ্রমিক প্রদান করবেন।

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (২৭৫) বিষয়ে ব্যবহারিক পরীক্ষার ফি আদায়কৃত ৪৫/- (পঁয়তাল্লিশ) টাকার বিভাজন: ৪৫/- (পঁয়তাল্লিশ) টাকা থেকে ২০/- (বিশ) টাকা শিক্ষা বোর্ড তহবিলে, কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাকে ৭/- (সাত) টাকা, নিজ প্রতিষ্ঠানে ৫/- (পাঁচ) টাকা এবং উত্তরপত্র মূল্যায়ন বাবদ পরীক্ষককে ১৩/- (তের) টাকা দিতে হবে। উল্লেখ্য এ বিষয়ে বোর্ড টিএ/ডিএ বা উত্তরপত্র মূল্যায়ন বাবদ কোন প্রকার সম্মানী/পারিশ্রমিক প্রদান করবে না।

১৬. (ক) অন্যান্য ফি-এর হার (যাদের বেলায় প্রযোজ্য)

(i) বিলম্ব ফি প্রতি পরীক্ষার্থী (যাদের বেলায় প্রযোজ্য)..... ১০০/- (একশত) টাকা

(খ) প্রাইভেট পরীক্ষার্থীদের নির্বাচনী পরীক্ষার ফি

(i) যে সকল প্রাইভেট পরীক্ষার্থীদের নির্বাচনী পরীক্ষা আছে (প্রতি পরীক্ষার্থী)..... ২০০/- (দুইশত টাকা)।

(ii) যে সকল প্রাইভেট পরীক্ষার্থীর (যেমন: দৃষ্টি প্রতিবন্ধী, সেরিব্রাল পালসি জনিত প্রতিবন্ধী এবং যাদের হাত নেই এমন প্রতিবন্ধী শিক্ষক, পুলিশ ও মিলিটারী) নির্বাচনী পরীক্ষা নেই তাদের ব্যবস্থাপনা ফি (প্রতি পরীক্ষার্থী) ১০০/- (একশত টাকা)।

১৭. কেন্দ্র ফি সংক্রান্ত (এইচএসসি পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাকে পরিশোধ করতে হবে):

এইচএসসি পরীক্ষা কেন্দ্র ফি প্রতি পরীক্ষার্থী ৪০০/- (চারশত) টাকা।

কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থ দ্বারা সংশ্লিষ্ট কেন্দ্র/কলেজ কর্তৃপক্ষ তদ্বীয় এবং ব্যবহারিক উভয় প্রকার পরীক্ষার যাবতীয় ব্যয় নির্বাহ করবেন। পরীক্ষারকেন্দ্র/কলেজ কর্তৃপক্ষ সকল পরীক্ষা পরিচালনার ব্যয়ের ঘাটতি বিশেষ করে ব্যবহারিক পরীক্ষার জন্য রাসায়নিক দ্রব্যাদিসহ অন্যান্য আনুষঙ্গিক দ্রব্যাদি ক্রয়ের ব্যয় বহন করবেন, এ ক্ষেত্রে বোর্ড কর্তৃক কোনরূপ অনুদান প্রদান করা হবে না। বোর্ড অফিস থেকে সাদা উত্তরপত্র এবং পরীক্ষা সংক্রান্ত আনুষঙ্গিক কাগজ পত্র সংগ্রহ করার জন্য প্রয়োজনীয় খরচ কেন্দ্র ফি থেকে বহন করবে। যে প্রতিষ্ঠানে যে বিষয়ে ব্যবহারিক পরীক্ষা অনুষ্ঠিত হবে সংশ্লিষ্ট বিষয়ের ব্যবহারিক পরীক্ষার ফি উক্ত প্রতিষ্ঠান প্রাপ্য হবে। আদায়কৃত কেন্দ্র ফি (ব্যবহারিক ফি ব্যতীত) থেকে প্রত্যেক কলেজ ১০% টাকা নিজস্ব ব্যয়ের জন্য রেখে অবশিষ্ট ৯০% টাকা পরীক্ষা কেন্দ্র/ভেন্যুর ব্যয়ভার নির্বাহের জন্য ভারপ্রাপ্ত কর্মকর্তাকে প্রদান করবে। ভেন্যু কেন্দ্রের পরীক্ষা পরিচালনার সকল প্রকার ব্যয়ভার মূল কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা বহন করবেন। নিজ কলেজে ব্যবহারিক পরীক্ষা গ্রহণের ক্ষেত্রে, পরীক্ষার্থী ও বিষয়ের সংখ্যা অনুপাতে মূল কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা উক্ত কলেজকে ব্যবহারিকের নির্ধারিত ফি প্রদান করবে।

১৮. পরীক্ষার ফি এবং ফরম পূরণ ফি বোর্ডে জমা দেয়ার নিয়মাবলি

(ক) পরীক্ষার যাবতীয় ফি বোর্ডের সচিবের অনুকূলে কেবল সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে সোনালী সেবার মাধ্যমে জমা দিতে হবে।

(খ) কোনক্রমেই নগদ টাকা, পেঅর্ডার, পোস্টাল অর্ডার, মনি অর্ডার, সিকিউরিটি ডিপোজিট রিসিট অথবা ট্রেজারী চালান ইত্যাদিতে বোর্ডের ফিগ্রহণ করা হবে না।

(গ) এই বিজ্ঞপ্তিতে বর্ণিত তারিখের পর কোনক্রমেই পরীক্ষার ফি সোনালী সেবা ও অন্যান্য কাগজপত্রাদি গ্রহণ করা হবে না।

১৯. ২০২০ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার ফল প্রকাশ পদ্ধতি সংক্রান্ত:

সকল প্রকার পরীক্ষার্থীর ফল নিম্নোক্ত শ্রেডিং পদ্ধতিতে প্রকাশ করা হবে।

লেটার গ্রেড	প্রাপ্ত নম্বরের শ্রেণী ব্যাপ্তি (%)	গ্রেড পয়েন্ট
A+	80-100	5.00
A	70-79	4.00
A-	60-69	3.50
B	50-59	3.00
C	40-49	2.00
D	33-39	1.00
F	00-32	0.00


২০. অন্যান্য বিষয় সংক্রান্ত:

(ক) অবৈধ রেজিস্ট্রেশন, বোর্ডের অনুমতি ছাড়া অবৈধভাবে কলেজ বদলী ও অভিযুক্ত হবার কারণে কোন ছাত্র/ছাত্রী পরীক্ষার্থী হলে সে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। এছাড়াও অন্য যে কোন ধরনের অবৈধ শিক্ষার্থীকে পরীক্ষায় অবতীর্ণ হবার অনুমতি দিলে সংশ্লিষ্ট অধ্যক্ষ দায়ী থাকবেন।

(খ) এ বিজ্ঞপ্তিতে উল্লেখিত ২০২০ সালের এইচএসসি পরীক্ষা সংক্রান্ত নিয়মাবলি সঠিক ভাবে অনুসরণ করে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য সকল কলেজের অধ্যক্ষ এবং সংশ্লিষ্ট সকলকে বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

(গ) বদলীর ফরম পূরণ সংক্রান্ত কাজ online এ সম্পন্ন করতে হবে।

চেয়ারম্যানের আদেশক্রমে


প্রফেসর দেবশীষ রতন রায়

বিদ্যালয় পরিদর্শক

ও

পরীক্ষা নিয়ন্ত্রক(দায়িত্বপ্রাপ্ত)

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী


টেলিফোন নম্বর ০৭২১-৭৭৬২৩১

controller@rajshahieducationboard.gov.bd

পাতা. # ৫/৬

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ;
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা ;
৩. কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী ;
৪. ডি.আই.জি অব পুলিশ, রাজশাহী বিভাগ ;
৫. পুলিশ কমিশনার, আর.এম.পি. রাজশাহী ;
৬. জেলা প্রশাসক, রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট ;
৭. আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, রাজশাহী অঞ্চল, রাজশাহী ;
৮. পুলিশ সুপার, রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট জেলা ;
৯. পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/যশোর/কুমিল্লা/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/দিনাজপুর/বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড ;
১০. উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী ;
১১. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী ;
১২. মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী-এর সকল কর্মকর্তা ;
১৩. রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন মঞ্জুরীপ্রাপ্ত সকল মহাবিদ্যালয়ের অধ্যক্ষ ;
১৪. রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট জেলার আওতাধীন সকল উপজেলা নির্বাহী অফিসার ;
১৫. ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, হোটেল রোড শাখা, রাজশাহী ;
১৬. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী ;
১৭. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী ;
১৮. ভারপ্রাপ্ত কর্মকর্তা, চিঠিপত্র গ্রহণ শাখা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী ; এবং
১৯. গার্ড ফাইল।


০৩/১২/২০১৯
লিটন সরকার

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক(উমা)

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
টেলিফোন নম্বর : ০৭২১-৭৭ ৫৯ ২১ (অফিস)
dch@rajshahieducationboard.gov.bd



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

ফরমপূরণের বিশেষ নির্দেশিকা

[Home](#) [Add IMP/TC Student](#) [Temporary List](#) [Confirm Form Fillup](#) [Payment Details](#) [Sonali Seba Slip](#) [Sonali Seba Slip Download](#) [Final List](#) [Logout](#)

Form Fillup এর জন্য প্রথমে রাজশাহী বোর্ডের ওয়েবসাইট www.rajshahieducationboard.gov.bd থেকে ডান পার্শে অভ্যন্তরীণ ই-সেবা হতে জেএসসি/এসএসসি/এইচএসসি(ফরমপূরণ) এ ক্লিক করুন অথবা www.rajshahiboard.gov.bd থেকে বামপার্শে eFF এ ক্লিক করে প্রতিষ্ঠানের EIIN ও রেজিস্ট্রেশনে ব্যবহৃত প্রথম Password দিয়ে Login করে Probable List এ যেতে হবে এবং Download/Print করে হার্ডকপিতে লালকালি ব্যবহার করে টিক চিহ্ন দিয়ে পরীক্ষার্থী Select করতে হবে। উক্ত হার্ডকপি Probable List এ টিক চিহ্নিত পরীক্ষার্থীর তথ্য মিলিয়ে কম্পিউটারে প্রদর্শনকৃত Probable List থেকে No এর উপর ক্লিক করলে Yes হবে এবং একই সাথে All হবে অর্থাৎ সকল বিষয় হবে এবং সকল বিষয়েই পরীক্ষা দিতে হবে আর যারা শুধু Partial (আংশিক), তাদের আংশিক বিষয়ে পরীক্ষা দিতে হবে। আর যে সকল পরীক্ষার্থী All অথবা Partial Subject এ পরীক্ষা দেওয়ার সুযোগ আছে, তারা যদি সকল বিষয়ে পরীক্ষা দিতে চায় তাহলে All Select করতে হবে, আর যদি আংশিক বিষয়ে দিতে চায় তাহলে Partial অর্থাৎ আংশিক বিষয়ে Select করতে হবে। কোন পরীক্ষার্থীকে দ্রুত খোঁজার জন্য Search এর বক্সে রেজিস্ট্রেশন লিখলেই পাওয়া যাবে। এভাবে ফরমপূরণ সম্পন্ন করতে হবে।

⇒ যদি কোন শিক্ষার্থীর TC অথবা Improvement থাকে তাহলে, [Add IMP/TC Student](#) এ ক্লিক করে TC অথবা IMP Select করে সেশন এর প্রথম চার ডিজিট (যেমন সেশন-২০১৭-১৮ হলে ২০১৭ দিতে হবে) এবং রেজিস্ট্রেশন নম্বর লিখে Search ক্লিক করতে হবে, যদি তথ্য সঠিক থাকে তাহলে নাম/বিষয় ও সকল তথ্য আসবে, তখন Add এ ক্লিক করে Success লেখা আসবে, Ok ক্লিক করার পর Home ক্লিক করলে, এই তথ্যটি সবার শেষে যাবে এবং Yes Select করতে হবে।

⇒ [Temporary List](#) ক্লিক করে Download/Print করে ভালভাবে যাচাই/বাছাই করে, যদি Form Fillup সঠিক না থাকে তাহলে Yes/No অর্থাৎ Select/Not select আবার করে, Temporary List থেকে Download/Print করে যাচাই/বাছাই করে সঠিক থাকলে, [Confirm Form Fillup](#) এ ক্লিক করলে [Please enter your eFF Login Password](#) আসবে, উক্ত লেখার উপর ক্লিক করলে বক্স আসবে, উক্ত বক্সে রেজিস্ট্রেশনের জন্য ব্যবহৃত প্রথম পাসওয়ার্ডটি ব্যবহার করতে হবে।

⇒ [Payment Details](#) এ ক্লিক করে হিসাব যাচাই/বাছাই করে তারপর [Sonali Seba Slip](#) এ ক্লিক করে, নাম, মোবাইল নম্বর এবং All Student Select করে Next দিলে Sonali Seba Slip তৈরি হবে, উক্ত Slip টি Download/Print করতে হবে। নিকটস্থ সোনালী ব্যাংকের শাখায় (যে শাখায় সোনালী সেবা চালু আছে) Sonali Seba Slip এ উল্লেখিত পরিমাণ টাকা জমা প্রদান করতে হবে, ব্যাংকে টাকা জমা দেওয়ার ২ঘন্টা পরে Final List পাওয়া যাবে। উল্লেখ্য [Final List](#) এ কোন অবস্থাতেই Yes/No করা যাবে না এবং টাকা জমা না হওয়া পর্যন্ত Final List প্রিন্ট করা যাবে না। Final Candidate List Print করে পরীক্ষার্থীর স্বাক্ষর গ্রহণ করতে হবে এবং প্রতি পৃষ্ঠায় প্রতিষ্ঠান প্রধানকে স্বাক্ষর করতে হবে। যদি টাকা জমা দেওয়ার ২ঘন্টা পরে Final List না পাওয়া যায় তাহলে [Sonali Seba Slip Download](#) এ ক্লিক করে দেখে নিতে হবে Payment Completed or Not Complete। যদি Not Complete থাকে তাহলে ব্যাংকের সঙ্গে যোগাযোগ করতে হবে। আবার যদি নতুন কোন শিক্ষার্থীর ফরমপূরণ করতে হয় তবে পূর্বের টাকা জমা হলে অর্থাৎ Payment Completed হলে পূর্বের ন্যায় ফরমপূরণ করা যাবে এবং

[Sonali Seba Slip](#) এ ক্লিক করে নাম, মোবাইল নম্বর ও All Student Select করে Next দিলে Sonali Seba Slip তৈরি হবে উক্ত Sonali Seba Slip Print করে পূর্বের ন্যায় কাজ করতে হবে। কাজ শেষে Logout এর মাধ্যমে বের হয়ে যেতে হবে।

[Sonali Seba Slip Download](#) এ ক্লিক করে Payment যাচাই/বাছাই করা যাবে এবং Sonali Seba Verification এ Click করেও যাচাই/বাছাই করা যাবে।

⇒ পরীক্ষার্থীর স্বাক্ষর সম্বলিত প্রিন্ট কপি শিক্ষা প্রতিষ্ঠানে ১(এক) কপি সংরক্ষণ করতে হবে আর বোর্ডে এক কপি জমা দিতে হবে এবং Payment Slip দুই কপি বোর্ডে জমা দিতে হবে।

★ বি:দ্র: Others/অন্যান্য অপশনে কোন অবস্থাতেই ফরমপূরণের টাকা জমা দেওয়া যাবে না।